5649 (৩) 5260

2000Rs.

INDIA NON JUDICIAL

२००० रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES

কোবালা

মূল্য - ৮০০০০ টাকা

থানা - ইলামবাজার

মৌজা - কামারপাড়া

জে.এল. নম্বর - ১০১

পরিমান - ১.০৮ একর

দাগনম্বর - ৫২৭, $\frac{৫২৭}{১১১৫}$, $\frac{৫২৭}{১১০৯}$

$\frac{৫২৭}{১০৬৩}$ $\frac{৫২৭}{১১১০}$, $\frac{৫২৭}{১১১৩}$

S. V. 80,000

M. V. 2,15,000

Fixed up u/s 47 A /47 (1)

Stamp

Deficit Stamp Rs. 8950/-

Paid by Bankers Cheque

Draft 074031 dt. 13.9.2000

Additional Dist. Sub-Registrar. Bolpur, Birbhum. 14-9-2000

Admissible Under Rule 21 duly stamped (or exempt) or does not require stamp under the Indian Stamp Act

Schedule No. 23 4.50

Fees paid Rs. A 869.00

Additional Dist. Sub-Registrar, BOLPUR, BIRBHUM.

14 SEP 2000

Additional Dist. Sub-Registrar. Bolpur, Birbhum. 14-9-2000

ক্রেতা :-

১। শ্রীসুভাষ সরকার পিতা ৺পুনবেশ্বর সরকার

২। শ্রীমতী রত্না সরকার স্বামী শ্রী সুভাষ সরকার

উভয়ের জাতি ভারতীয় ধর্ম হিন্দু ১নম্বর ক্রেতার

পেশা ব্যবসাদি ও ২নম্বর ক্রেতার পেশা - এডিটিং

সাকিম -সুরুল ডাকঘর - শ্রীনিকেতন মহকুমা থানা

ও সাবরেজিষ্টারী অফিস - বোলপুর জেলা - বীরভূম ।

Hiland Projects Limited

Authorised Signatory

পৃ....২

2000Rs.

৫৬৮২ ২২/৮/২০০০

শ্রীমতী ... সরকার

... পোঃ ... থানা ...

মূল্য ২০০০/-

ভেণ্ডার - শ্রীনটবর দত্ত মুন্সী

বোলপুর এ. ডি. এস. আর অফিস

শ্রীনটবর ...

Presented for registration of 11-20

month 11th Sep 19 2000

at the Addl. ... Office

Bolpur by SK Jalaluddin

Admissible Under Rule ... under the ... stamps

1) SK Jalaluddin

2) SK Alauddin

Son of SK Piltan

of Mahidapur

Bolpur

Birbhum

by profession Muslim ... business

[illegible signature]

Additional Dist. Sub-Registrar,
Bolpur, Birbhum

11 SEP 2000

[illegible signature]

7342

SK Kowsar Ali

Son of Lt. SK Aleyar

Mahidapur

Bolpur

Birbhum

by profession ...

[illegible signature]

7343

Hiland Projects Limited

Susanta Mandal

Authorised Signatory

[illegible signature]

11 SEP 2000

2000Rs.

INDIA NON JUDICIAL

২০০০রু.

Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES



বিক্রেতা :-

১। সেখ জালাল উদ্দিন ¦
২। সেখ আলাউদ্দিন ¦ পিতা সেখ মিলতন

জাতি ভারতীয় ধর্ম ইসলাম পেশা - চাষাদি

সর্ব সাকিন - মহিদাপুর মহকুমা থানা ও

সাবরেজিষ্টারী অফিস - বোলপুর জেলা - বীরভূম ।

P. SDM

কস্য খোসকোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :

Hiland Projects Limited

Authorised Signatory

জেলা বীরভূম থানা ইলামবাজার অন্তর্গত মৌজা কামারপাড়ার সীমানাস্থিত নীচের তপশীল লিখিত সম্পত্তি সকল এর মধ্যে ৩২৭, ৩২৭/১১১০, ৩২৭/১১০৯, ৩২৭/১১১০, ৩২৭/১১১৩ দাগের সম্পত্তি ইতিপূর্বে দ্বারোন্দা গ্রাম নিবাসী রবিলাল বায়েন পিতা রসিকলাল বায়েন এর স্বত্বীয় দখলী সম্পত্তি ছিল। ইহা বিগত রিভিশন্যাল সেটেলমেন্ট রেকর্ডে কামারপাড়া মৌজার ২০৪ নম্বর খতিয়ান হইতে যথাযথভাবে প্রকাশ পায়। তদ্দপর উক্ত রবিলাল বায়েন মহাশয় তাঁহার উক্ত সম্পত্তিতে স্বত্ববান ও দখলীকার থাকাকালে বিগত সন ১৩৮১ সালের ৪ঠা জ্যৈষ্ঠ ইংরাজী ৪।৬।১৯৭৪ তারিখে সম্পাদিত ও উক্ত তারিখেই বোলপুর সাবরেজিষ্টারী অফিসে রেজিষ্ট্রিকৃত ৭৪৬০ নম্বরযুক্ত একখন্ড খোসকোবালা দলিলমূলে অত্র দলিলের বিক্রেতাগন আমাদিকে উপরোক্ত দাগ সকলের ১ আনা অংশে উপযুক্ত পনমূল্য গ্রহনে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও বেদখল হয়েন।

তপশীল লিখিত ৩২৭/১০৬৩ দাগের সম্পত্তির পূর্ব মালিক ছিলেন দ্বারোন্দা গ্রাম নিবাসী রবিলাল বায়েন পিতা" রসিকলাল বায়েন। এবং উক্ত দ্বারোন্দা গ্রাম নিবাসী বাবুলাল বায়েন পিতা" লক্ষীনারায়ন বায়েন। উপরোক্ত মালিকগন তাঁহাদের উক্ত সম্পত্তিতে স্বত্ববান ও দখলীকার থাকাকালীন রবিলাল বায়েন বিগত সন ১৩৮৪ সালের ৬ ই চৈত্র ইংরাজী ২০।৩।১৯৭৮ তারিখে সম্পাদিত এবং উক্ত তারিখেই বোলপুর সাবরেজিষ্টারী অফিসে রেজিষ্ট্রিকৃত ২৮২৩ নম্বর খোসকোবালা দলিলমূলে তাঁহার ॥০ অংশে ৯ শতক পরিমিত ভূমি এবং বাবুলাল বায়েন বিগত সন ১৩৯০ সালের ৬ ই বৈশাখ ইংরাজী ২০।৪।১৯৮৩ তারিখে সম্পাদিত এবং উক্ত তারিখেই বোলপুর সাবরেজিষ্টারী অফিসে রেজিষ্ট্রিকৃত ৩৭১৮ নম্বর খোসকোবালা দলিলমূলে তাঁহার ।০ আনা অংশ ৪ শতক পরিমিত ভূমি অত্র দলিলের বিক্রেতাগন আমাদিগকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও বেদখল হয়েন।

Hiland Projects Limited
Authorised Signatory

উপরোক্ত খরিদের পর আমরা উক্ত সম্পত্তিতে স্বত্ববান দখলীকার থাকিয়া বর্তমান এল.আর.রেকর্ডে আমাদের খরিদা উক্ত সম্পত্তি সকল নিজেদের নামে রেকর্ডভুক্ত করাইয়াছি । ইহা কামারপাড়া মৌজার এল.আর. ১৭০ ও ৪৫ নম্বর খতিয়ান হইতে যথাযথভাবে প্রকাশ পাইবে ।

তপশীল লিখিত ভূমি সকল চাষাবাদের অযোগ্য হওয়া হেতু উহা বিক্রয় করিয়া দিয়া বিক্রয় লব্ধ অর্থ অন্যত্র নিজেদের সুবিধামত স্থানে নিয়োগ করিলে অধিক লাভবান হইব ও মুনাফা হইবে এই প্রকার চিন্তা করিয়া আমরা আমাদের খরিদা তপশীল লিখিত দাগের সম্পত্তি সকল বিক্রয় করিবার সোহরৎ দিলে অত্র দলিলের ক্রেতাগন আপনারা উহা সর্ব্বোচ্চ ৮০০০০ , আশি হাজার টাকা মূল্যে খরিদ করিতে চাহিলেন । এবং আমরাও উক্ত মূল্য বর্তমান বাজার যাচাইমতে ন্যায্য ও সময়োচিত হইয়াছে জানিয়া ও বুঝিয়া উপরোক্ত পনমূল্যে নীচের তপশীলে লিখিত ও বিশদভাবে বর্নিত দাগের ভূমিসকল আপনাদিকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিস্বত্ত্ব ও বেদখল হইলাম এবং অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তিতে আপনাদেরকে দখলে স্থাপন করিলাম ।

তপশীল লিখিত সম্পত্তিতে আমাদের একযোগে যাহা কিছু এবং যতপ্রকারের স্বত্ত্বাধিকার ছিল তাহা অদ্যকার তারিখ হইতে সম্পূর্নরূপে বিলুপ্ত হইয়া উহা আপনাদিগকে অর্পিল ও বর্তিল ।

আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তিতে নিব্যূঢ়স্বত্ত্বে মালিক হইয়া এবং উহাতে দান , বিক্রয় , লীজ, মর্টগেজ প্রভৃতি বিবিধ প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে পুত্র পৌত্র সায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন ক্রমে যদিচ্ছা পরমসুখে উহা চিরকাল ভোগদখল করিতে থাকুন । তাহাতে আমরা সায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন কস্মিনকালেও কোনপ্রকার কোন ওজর আপত্তি করিতে পারিব না কি পারিবে না কি করিলেও তাহা আইনতঃ গ্রাহ্য হইবে না ।

Hiland Projects Limited
Authorised Signatory

তপশীল লিখিত সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে । উহা ইতিপূর্বে কোনস্থানে কোনপ্রকার হস্তান্তর কি দায়যুক্তাদি করা নাই কি বর্তমান ভূমিসংস্কার আইনের বিধানমতে আমাদের সিলিং বহির্ভূত কোন সম্পত্তি নাই কি নহে । উক্ত সম্পত্তি বিক্রয় করিবার জন্য আমরা ইতিপূর্বে অপর কাহারও সহিত কোনপ্রকার কোন চুক্তি করি নাই কি তন্মূলে কাহারও নিকট হইতে কোন বায়না গ্রহন করি নাই । উহা কোন সরকারী বা বেসরকারী সংস্থা কর্ত্তৃক কোন এ্যাকুইজিশন বা রিক্যুইজিশন হয় নাই কি উক্ত ভূমিতে কোন বর্গাদার নিযুক্ত নাই । ঐ প্রকার থাকা কি করা প্রকাশ পাইলে অথবা আমাদের কৃতকর্ম্মের জন্য কি স্বত্ত্বের দোষে তপশীল লিখিত সম্পত্তি বা তাহার কোন অংশ হইতে আপনাদিগকে নৈরাশ কি বেদখল হইতে হইলে আমরা মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন আপনারা মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগনকে পনমূল্যের সমুদয় টাকা মায় আইনহারে সুদসহ এককালীন নগদে ফেরৎ দিতে ও যাবতীয় ক্ষতিপূরণ করিতে বাধ্য রহিলাম ।

আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তির খাজনা ও যাবতীয় রাজস্বাদী সরকার বাহাদুরের সেরেস্তায় নিজ জিম্মায় আদায় দিবেন এবং ইচ্ছা করিলে উহাতে আমাদের নাম খারিজ করতঃ আপনাদের নামে পৃথক জমাপত্তন করাইয়া লইতে পারিবেন । তাহাতে আমাদের সকলপ্রকার সম্মতি দেওয়া রহিল এবং ভবিষ্যতে কোন পৃথক সম্মতি দিবার আবশ্যক বোধ করিলে তাহাও দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থচিত্তে সরল অন্তঃকরনে অন্যের বিনা অনুরোধে স্বইচ্ছায় স্বজ্ঞানে অত্র দলিলের মর্ম্ম সকল সবিশেষভাবে অবগত হইয়া ও আপনাদের নিকট হইতে পনমূল্যের সমুদয় ৮০০০০ আশি হাজার টাকা আমরা বিক্রেতাগন নিজ নিজ অংশ মোতাবেক বুঝিয়া পাইয়া নিম্নের স্বাক্ষরকারী সাক্ষীগন সম্মুখে এই খোসকোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন ১৪০৭ সালের ২০শে ভাদ্র ইংরাজী - ৬/৯/২০০০
ইং সন দুই হাজার

Hiland Projects Limited
Authorised Signatory

তপশীল -

জেলা বীরভূম থানা - ইলামবাজার মৌজা - কামারপাড়া জে.এল.নং - ১৩১ ,
আর.এস.খতিয়ান নম্বর - ২০৪ দুইশত চার ,এল.আর.খতিয়ান নম্বর - ১৭০ ,৪৫
একশত সত্তর ,পঁয়তাল্লিশ

| দাগনম্বর | শ্রেনী | অংশ | বিক্রীত পরিমান |
|---|---|---|---|
| ৫২৭ পাঁচশত সাতাশ | বাইদ | ১, | ২৩ শতক |
| ৫২৭ পাঁচশত সাতাশ<br>১১১৫ এগারিশত পনেরো | বাইদ | ১, | ২৯ শতক |
| ৫২৭ পাঁচশত সাতাশ<br>১০৬৩ একহাজার তেষট্টি | বাইদ | ½ | ১৩ শতক |
| ৫২৭ পাঁচশত সাতাশ<br>১১০৯ এগারিশত নয় | বাইদ | ১, | ২১শতক মধ্যে রাস্তা বাদে বিক্রীত ভূমির পরিমান ১৮ শতক |
| ৫২৭ পাঁচশত সাতাশ<br>১১১০ এগারশত দশ | বাইদ | ১, | ৬ শতক মধ্যেরাস্তা বাদে বিক্রীত ভূমির পরিমান ৪½ শতক |
| ৫২৭ পাঁচশত সাতাশ<br>১১১৩ এগারশত তেরো | বাইদ | ১, | ২৩শতকমধ্যে রাস্তা বাদে বিক্রীত ভূমির পরিমান ২০½ শতক |

উপরোক্ত ছয়টি দাগে বিক্রীত ভূমির মোট পরিমান - ১০৮ শতক বা
এক একর আট শতক মাত্র ।

স্বত্ব - রায়ত স্থিতিবান ,খতিয়ানের মোট জমা - ৬৷৹ টাকা , হারহারী জমা - ৩৷৹ টাকা ।

জমিদার :- পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বীরভূম জেলা সমাহর্ত্তা ।
মোকাম ও পোঃ - সিউড়ী জেলা - বীরভূম ।

Hiland Projects Limited
Susanta Mondal
Authorised Signatory

মুসাবিদা ও দলিল প্রস্তুতকারক :-
Partha Sarathi Das
শ্রী পার্থ সারথি দাস
এ্যাডভোকেট
বোলপুর কোর্ট, বীরভূম ।
পঃ বঃ - ১৩২০/৮১

টাইপকারক :-
আনন্দ গোপাল দে
শ্রীআনন্দ গোপাল দে
বোলপুর শুঁড়িপাড়া
(ধর্ম্মরাজতলা)

ইসাদী - -
[handwritten signatures]

Additional Dist. Sub-Register
BOLPUR, BIRBHUM

11 SEP 2000

Additional Dist. Sub-Register
BOLPUR, BIRBHUM

15-9-2000

Book I
Volume No. 62
Pages 47 to 52
Being No. 5260
For the year 2000

Hiland Projects Limited

Authorised Signatory